

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

অখচ তারা যা আবৃত্তি করছে তা আদৌ কিতাব নয়। এবং তারা বলে যে, এসব কথা আল্লাহর তরফ থেকে আগত। অখচ এসব আল্লাহর তরফ থেকে প্রেরিত নয়।

সূরা আল ইমরান ৭৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানবের সিমেন্ট

শ্রদ্ধাশ্রম সিমেন্ট

ইসলামী বিশ্বব্রত পোর্ট

সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১০২৭৭০৪

বরিশাল ১১ শোমবার ১১ ২৮ সেপ্টেম্বর ২০২৬ ১৬ রবিঃ সানিঃ ১৪৪৮ ১৫ আশ্বিন ১৪৩৩ ১১ম বর্ষ ১১৪ সংখ্যা ১৪ পৃষ্ঠা ১৫ টাকা

তত্ত্বাবধায়ক সরকারসহ আরও দুই অনুচ্ছেদে গণভোট চায় বিএনপি

কীর্তনখোলা ডেস্ক

তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার বিধানসহ সংবিধানের আরও দুটি অনুচ্ছেদ সংশোধনের ক্ষেত্রে গণভোটের বিধান বাখার ২ এর পাতায় দেখুন

চাঁদাবাজেরা মৌচাক ভেবে ভিন্নকালের চাকেও ঢিল ছোড়ে: জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের স্টুডিও ভাঙচুরের একটি ভিডিও শেয়ার করে প্রতিক্রিয়া জামায়াতে ইসলামীর আমির ২ এর পাতায় দেখুন

‘ধনী-ব্যবসায়ীদের কাছ থেকে চাঁদাবাজির পর শিশুদের টিকাও লুট করেছে বিএনপি’

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজিব ভূইয়া অভিযোগ করেছেন, ধনী ও ব্যবসায়ীদের কাছ ২ এর পাতায় দেখুন

সরকারি প্রাথমিকে মেধায় উত্তীর্ণদের নিয়োগপত্র দিতেই হবে: ইসলামী আন্দোলন

কীর্তনখোলা ডেস্ক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্তদের মধ্যে রাজনৈতিক চিন্তাভাবনার ২ এর পাতায় দেখুন



কৃষকরা হলেন দেশের আসল ও শ্রেষ্ঠ মানুষ: রাষ্ট্রপতি

কীর্তনখোলা ডেস্ক

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, কৃষকরা হচ্ছেন দেশের আসল ও শ্রেষ্ঠ মানুষ। তারাই দেশ গড়ার যোদ্ধা। তিনি বলেন, ‘এই কৃষকদের সম্মান জানাতে ও অনুপ্রাণিত করতে কৃষি ক্ষেত্রে নতুন-নতুন উদ্ভাবন ও অসামান্য অবদানের জন্য রাষ্ট্রপতি কৃষি পুরস্কার চালুর উদ্যোগ নেওয়া হবে।’ রোববার (২৭ সেপ্টেম্বর) দুপুরে বঙ্গবন্ধু মেমোরিয়াল কৃষক সমিতির সভাপতি মো. সিদ্দিকুর রহমান কুল ময়াজ-এর নেতৃত্বে সমিতির ৮ সদস্যের প্রতিনিধি দল রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে আসলে রাষ্ট্রপতি এই উদ্যোগ নেওয়ার কথা বলেন। সাক্ষাৎকালে সমিতির অন্যান্য সদস্যের মধ্যে ছিলেন মো. আব্দুল জলিল (লিচু কিতাব), মো. হাসান আলী (ড্রাগন হাসান), মোহা. বেলী বেগম (সবজি বেলী), মো. আবু তালেব জোয়াদার (মাছ তালেব), মো. হাফিজুর রহমান মুকুল, তোফাজ্জল হোসাইন (পাট) ও শওকত আলম। রাষ্ট্রপতি এসময় দল-মত-পথ নির্বিশেষে ২ এর পাতায় দেখুন



মেডিকেল সাংবাদিক বেলায়েত বাবলুর চিকিৎসার খোঁজখবর নেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস জাহান শিরীন

সন্ত্রাসবাদের বিরুদ্ধে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা

কীর্তনখোলা রিপোর্ট

পরিকল্পিত সন্ত্রাস ও দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টার প্রতিবাদে বরিশালে বিদ্রোহ মিছিল ও সমাবেশ করেছে বিএনপি। রোববার বেলা ১১ টায় নগরীর সদর রোড ও বিএনপির দলীয় কার্যালয়ে পৃথক সমাবেশ ও মিছিল করে মহানগর বিএনপি, জেলা শ্রমিক দল ও বরিশাল সদর উপজেলা

বিএনপি। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সকালে নগরীর জিলা স্কুল মোড় থেকে মিছিল বের করে বরিশাল মহানগর বিএনপি। এতে মহানগরের বিভিন্ন ওয়ার্ডের নেতা-কর্মীরা অংশ নেয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দলীয় কার্যালয়ের সামনে গিয়ে সমাবেশ করে। বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক

মনিরুজ্জামান

সভাপতিত্বে আয়োজিত সমাবেশে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক এ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন, বরিশাল জেলা পরিষদের প্রশাসক এখান কুদ্দুসুর রহমান, বরিশাল মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন শিকদার। অপরদিকে, নগরীর

ফারুকের

সদর রোডের অশ্বিনী কুমার হলোর সামনে সমাবেশ করে জেলা শ্রমিক দল। পরে তারা একটি মিছিল নিয়ে নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এতে প্রধান অতিথির বক্তব্য দেন, বরিশাল জেলা পরিষদের প্রশাসক এখান কুদ্দুসুর রহমান, একই সময় বিএনপির দলীয় কার্যালয়ের সামনে সমাবেশ করে বরিশাল ২ এর পাতায় দেখুন

সাংবাদিক বেলায়েত বাবলুর পাশে বিসিসি প্রশাসক শিরীন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল প্রতিদিনের বার্তা সম্পাদক সাংবাদিক বেলায়েত বাবলুকে দেখতে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে যান বিসিসির প্রশাসক এ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন। এসময় উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক মুরাদ আহমেদ, বরিশাল প্রকাশক সম্পাদক পরিষদের সভাপতি ও আজকের পরিবর্তন সম্পাদক কাজী মিরাজ, গোপাল সরকার, গিয়াস উদ্দিন সুমন। এসময় বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক এ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন তাঁর শারীরিক অবস্থার খোঁজখবর নেন এবং দ্রুত সুস্থতা কামনা করেন। ২ এর পাতায় দেখুন



সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

ভিডিও ধারণের অসুস্থ সংস্কৃতি

বর্তমানে আমাদের দেশের কতিপয় মানুষের একটি সামাজিক ব্যাধি তৈরি হয়েছে। অপরাধের প্রেক্ষাপটে উপস্থিত জনসাধারণ অপরাধীকে পুলিশের হাতে সোপর্দ না করে নিজেদের সামাজিক যোগাযোগের মাধ্যমে লাইক-ভিউ ও জনপ্রিয়তা বাড়ানোর চেষ্টায় ব্যস্ত থাকে। নিজেদের স্বার্থে লাঞ্ছনার ভিডিও ধারণ ও প্রকাশ করে এক অসুস্থ ও নীতিহীন সংস্কৃতির জন্ম দিচ্ছে তারা। যা ভুক্তিমের ন্যাকাত গোপনীয়তা ও মৌলিক মানবাধিকার খর্ব করে তাকে সামাজিকভাবে ঘৃণাত্ব হয়ে করা এবং এমনকি আত্মহত্যার মতো চরম সিদ্ধান্তের দিকেও ঠেলে দিচ্ছে। মূল আইনি বিচারিক প্রক্রিয়াকেও বাধাগ্রস্ত করছে এমন কর্মকাণ্ড। এই সত্তা জনপ্রিয়তার লোভ, আইনি অজ্ঞতা এবং সামাজিক অবক্ষয় রোধে কেবল অপরাধীর বিচার নয়, বরং ভিডিও ধারণ ও প্রচারকারীদের বিরুদ্ধেও কঠোর আইনি পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। পাশাপাশি জোরদার জনসচেতনতা, পারিবারিক শিক্ষা ও ডিজিটাল নিরাপত্তা আইন সম্পর্কিত জ্ঞান তৈরি করা আজ সময়ের দাবি।

মোঃ হাবিবুর রহমান

শিক্ষার্থী, সরকারি বরিশাল কলেজ, বরিশাল

বিএম কলেজের নতুন উপাধ্যক্ষ হলেন প্রফেসর কাজী জাবের আহমেদ

আজিজুল হাকিম সানি, বিএম কলেজ

সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের নতুন উপাধ্যক্ষ হিসেবে পদায়ন পেয়েছেন পদার্থবিদ্যা বিভাগের প্রফেসর কাজী জাবের আহমেদ। রবিবার (২৭ সেপ্টেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ২ এর পাতায় দেখুন

দখল-চাঁদাবাজি নিয়ন্ত্রণে ব্যর্থতা সরকারের জন্য অশনিসংকেত: টিআইবি

কীর্তনখোলা ডেস্ক

দখলবাজি, চাঁদাবাজি ও আধিপত্য বিস্তারের ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে ব্যর্থতা সরকারের জন্য অশনিসংকেত বলে মনে করছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। এসব ঘটনায় জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক জবাবদিহির আওতায় আনার পাশাপাশি ক্ষমতাসীন দলের সারা দেশে আত্মতৃষ্ণার উদ্যোগ নেওয়া উচিত বলে জানিয়েছে সংস্থাটি। রোববার এক লিখিত বিবৃতিতে টিআইবি এসব কথা জানিয়েছে। এর আগে রাজধানীর মিরপুরে রাডা এমসিএইচ-এফপি স্বাস্থ্যকেন্দ্রে হামলা, লুটপাট ও ভাঙচুর; কিশোরগঞ্জে জলমহল দখলকে কেন্দ্র করে সংঘর্ষ এবং কনটেন্ট ক্রিয়েটরদের কার্যালয়ে ভাঙচুরের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে শনিবারও এক বিবৃতি দেয় টিআইবি। ২ এর পাতায় দেখুন



বরিশাল প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক পুলক চ্যাটার্জি এবং অত্র সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক এম.মিরাজ হোসাইনসহ ২০২৬ সালে যে সকল সাংবাদিক মৃত্যুদণ্ডের কার্যক্রমে তাদের স্মরণে শোক ও স্মরণ সভা

ডোবায় মিলল ব্যবসায়ীর গলাকাটা মরদেহ, অভিযুক্তের বাড়িতে আশুপন

চরফ্যাশন প্রতিনিধি

জেলার চরফ্যাশনে ডোবা থেকে আবুল বাশার নামে এক ব্যবসায়ীর গলাকাটা মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় হত্যার সঙ্গে জড়িত থাকার

অভিযোগে ওঠা এক নারীর বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে স্থানীয়রা। রোববার (২৭ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার দক্ষিণ আইচা থানার নজরুলনগর ইউনিয়নের

বাবুরহাট এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় সালমা বেগম ও সাইদুর রহমান নামে দুজকে আটক করেছে পুলিশ। নিহত আবুল বাশার নজরুলনগর ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রচলিত বাংলা ভাষাপ্রতিষ্ঠান বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলাদেশ বিজ্ঞানের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পদাধীশ মিল্লেক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে সচিব, শ্রী উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পদাধীশ, সরকারি আদেলপুরাডা কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা	ইসলামিয়া লাইব্রেরি	অবুদুর লাইব্রেরি	অবুদুর লাইব্রেরি
সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল
01932-314219	01711-264963	01708-868515	01708-868514

খন্দকার লাইব্রেরি	নিউ মাহবুব লাইব্রেরি	রহমান বুক হাউজ	মজুমদার লাইব্রেরি
সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল
01741-407767	01763-107720	01718-670945	01716-139268

অমৃত লাইব্রেরি	নিউ কলেজ লাইব্রেরি	হক লাইব্রেরি	আশরাফিয়া লাইব্রেরি
সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল	সকল স্টোড, বরিশাল
01719-408049	01726-074663	01724-851658	01717-488083



বরিশালে বিশ্ব পর্যটন দিবসে আলোচনা সভা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলায় ‘ডিজিটাল রূপান্তর ও কৃত্রিম বুদ্ধিমত্তায় আগামীর পর্যটন’ এ প্রতিপাদ্যে বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে বরিশালে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার বেলা ১১ টায় বরিশাল জেলা প্রশাসকের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক মো. মামুন খন্দকার। জেলা প্রশাসক বলেন, বরিশালের পর্যটন সম্ভাবনাকে কাজে লাগাতে নদীকেন্দ্রিক পর্যটন অবকাঠামো গড়ে তুলতে হবে। নদীতে বোট রাইড, পর্যটন স্পট ঘুরে দেখার জন্য সালস্রী প্যাকেজ এবং উন্নত যোগাযোগব্যবস্থা এসবের মধ্যে অন্যতম। এখানে পর্যটকদের আকৃষ্ট করার মতো অনেক স্থান থাকলেও প্রয়োজনীয় অবকাঠামো ও বিনোদন সুবিধার ঘাটতি রয়েছে। তাই পাঁচ তারকা মানের হোটেলসহ বিভিন্ন মানের আবাসন স্থাপনা নির্মাণে সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোগীদের এগিয়ে আসতে হবে। তিনি বলেন, পর্যটন শিল্পের টেকসই উন্নয়নে পরিকল্পিত ও সমন্বিত উদ্যোগ প্রয়োজন। সাতলা বিলসহ যেসব স্থানে ইতোমধ্যে পর্যটনকেন্দ্রিক কার্যক্রম গড়ে উঠছে, সেগুলোর পরিকল্পিত ব্যবহার নিশ্চিত করতে হবে। পর্যটন এলাকায় ২ এর পাতায় দেখুন

ভালোবাসার অনন্য দৃষ্টান্ত, স্বামীর জীবন বাঁচাতে কিডনি দিচ্ছেন স্ত্রী

গৌরনদী প্রতিনিধি

কিডনি প্রতিস্থাপনের আইনি প্রক্রিয়া সম্পন্ন করে স্বামী বরিশাল গৌরনদী উপজেলা সহকারী শিক্ষক সমাজের সাধারণ চিকিৎসার জন্য রোববার (২৭ সেপ্টেম্বর) সকালে ভারতের দিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছেন



এই দম্পতি। খোঁজ নিয়ে জানা গেছে, ২০০৩ সালে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে চাকরিতে যোগ দেন গৌরনদীর বাসিন্দা সুদাম পাল। পরের বছর ২০০৪ সালে তিনি পটুয়াখালীর গলাচিপার বাসিন্দা ও শিক্ষক মন্দিরা রানী পালের ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মপ্রত্যয়ী পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্মাদকীয় প্রত্যা়াসন নিশ্চিত করুন

দিন দিন জটিল হচ্ছে রোহিঙ্গা সংকট। সময় যত যাচ্ছে, ততই এই সংকটের ভালপালা বিস্তার করছে। কল্পবাজারের মতো ছোট একটি জেলায় বছরের বছর ধরে অতিরিক্ত লাখ লাখ লোকের ভাৱ বহন করা কম কথা নয়। পরিবেশ বিপর্যয়ের পাশাপাশি সাম্প্রতিক সময়ে রোহিঙ্গাদের ঘিরে যেসব খবর আসছে তা অত্যন্ত উদ্বেগের। মাদক, খুনখারাবিসহ হেনে কোনো অপরাধ নেই, সেখানে হচ্ছে না। এমনকি বেশ কয়েকটি চক্র সন্ত্রাসী কর্মকাণ্ডে নিগ্ধ রয়েছে। এমন প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী তারেক রহমান মুক্তবর্ত্ত সময়ে রোহিঙ্গা সংকট সমাধানে পাঁচ দফা প্রস্তাব তুলে ধরেনেন, যা সময়েোপযোগী বলে মনে করছে পর্যবেক্ষক মহল। খবরে বলা হয়, গত বুধবার নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে রোহিঙ্গা সংকট বিষয়ক উচ্চ পর্যায়ের পাশ্চাত্যেবক সম্মুতিত হয়। সেখানে প্রধানমন্ত্রী তারেক রহমান রোহিঙ্গাদের দ্রুত, নিরাপদ, খেজামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসন নিশ্চিত করতে আন্তর্জাতিকে ও আঞ্চলিক অংশীজনদের একটি সুস্পষ্ট ও বিশ্বাসযোগ্য রোডম্যাপ প্রণয়নের আহ্বান জানান। পাশাপাশি তিনি রোহিঙ্গাদের নিজস্বমতে মৌলিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা, সহিষণতা বন্ধ, পর্যাপ্ত ও পূর্বনিয়ম মানবিক সহায়তা স্বীকৃত রাখা, ন্যায়বিচার ও জবাবদিহি নিশ্চিত করা এবং আন্ত সীমান্ত অপর্যাপ্ত মোকাদ্দেমার আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের জন্য পাঁচ দফা প্রস্তাব তুলে ধরেন। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। গুরুত্বপূর্ণ এ সফরে তিনি বিশ্বদূরপারের সামনে রোহিঙ্গা সংকটের বিভিন্ন দিক তুলে ধরেন। বুধবারের বৈঠকে শীর্ষস্থানীয় উদ্বৈতকর ও মানবিক সহায়তা সংস্থার প্রতিনিধিরা অংশ নেন। এর মধ্যে গ্রেটস ফাউন্ডেশন, ভিন্সা ফাউন্ডেশন, রকফেলার ফাউন্ডেশন, ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি (আইআরসি), রোটারি ইন্টারন্যাশনালসহ কয়েকটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা ছিলেন। সেখানে প্রধানমন্ত্রী বলেন, ‘দীর্ঘস্থায়ী অনিশ্চয়তা ও হতশাি নতুন নতুন চ্যালেঞ্জ ও নিরাপত্তাঝুঁকি তৈরি করছে। এর মধ্যে রয়েছে মানবপাচার, অবৈধভাবে অভিবাসী পাচার, মাদকপাচার এবং অন্যান্য আত্মদেহের অপরাধ। কেন্দ্রে কেন্দ্রে জীবনের ঝুঁকি নিয়ে নৌকায় করে মালয়েশিয়ার উদ্দেশে পাড়ি দিচ্ছেন।’ জাতিগত সহিষ্যতার শিকার হয়ে ২০১৭ সালে কয়েক দিনেই প্রায় ১২ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেন। দীর্ঘ ৯ বছরে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১৫ লাখে। এই সময়ের মধ্যে একজন রোহিঙ্গাকেও নিজ দেশে ফেরানো যায়নি। অথচ রোহিঙ্গা প্রত্যাবাসনে নানা সময় তোড়জোড় দেখা গেছে। এর আগে জাতিসংঘে মানবাধিকার পরিষদ রোহিঙ্গাদের প্রত্যাবাসনসংক্রান্ত প্রস্তাব গ্রহণ করে এবং সেই প্রস্তাব জেনেভায় পরিমতে ৫৬তম অধিবেশনে সর্বসম্মতিক্রমে গৃহীত গৃহীত হয়ে। কিন্তু বাস্তবতা হলো বড়ই হতাশাজনক। কার্যকর রোহিঙ্গা প্রত্যাবাসনে কোনো ধরনের অগ্রগতি দৃশ্যমান হয়নি। সবচেয়ে লক্ষণীয় বিষয় হলো, এ নিয়ে মিয়ানমারকে কোনো পদক্ষেপই নিচ্ছে না। অথচ খুব সংকট তাদেরই। প্রধানমন্ত্রী যথার্থই বলেছেন, ‘এই সংকটের উপলিষ্ট মিয়ানমারে।’ এর সমাধানও মিয়ানমারেই নিশ্চিত। দুঃখজনকভাবে রাখাইন রাজ্যের অন্তান্ত্তরণী পরিহিতি এখনো গণ্ডিতভাবে উদ্বেগজনক।’ আরো মনে করে, প্রত্যাবাসনের উপযুক্ত পরিবেশ তৈরি করতে মিয়ানমারের ওপর আরো আন্তর্জাতিক চাপ সৃষ্টি করা প্রয়োজন। কেননা প্রত্যাবাসন ছাড়া এই সংকট সমাধানের আর কোনো বিকল্প পথ নেই। এ পরিহিস্থিতিতে প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রস্তাবগুলো আন্তর্জাতিক মহলে গৃহীত হোক এবং সেই অনুযায়ী বাস্তবায়ন হোক—এটাই কাম্য।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে আন্দোলন

সদর উপজেলা বিএনপি। পরে তাদের আয়োজিত মিছিলে বরিশাল সদর উপজেলার নেতা-কর্মীরা অংশ নেয়। সদর উপজেল্লা বিএনপি’র আধার্যক আলহাজ্ব নূরুল আমিনের সভাপতিত্বে বক্তব্য দেন, সাইফুল ইসলাম আব্বাস প্রমুখ। এ সময় বক্তারা বলেন, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও তাদের সহযোগীরা দেশে অস্তিত্বশীল পরিস্থিতি তৈরির চেষ্টা করছে। বিশৃঙ্খলা সৃষ্টি করে তারা দেশকে অস্তিত্বশিল করতে চাচ্ছে। তাই নেতাকর্মীরা সন্ত্রাসবাদের বিরুদ্ধে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। যারা বিশৃংখলা তৈরি করছে তাদের প্রতিহত করার ঘোষণা দেন নেতৃবৃন্দরা। সবাইকে একাবদ্ধ থাকার আহ্বান জানানো হয় এ সমাবেশে।

২৭ বছর পর এরশাদ শিকদারের

ও এসআরবি-৬ এর একটি যৌথ অভিযানিক দল গোয়েন্দা তথ্যের ভিত্তিতে শনিবার (২৬ সেপ্টেম্বর) দিবাগত রাতে খুলনা মহানগরীর সোনাডাঙ্গা মডেল থানা এলাকায় অভিযান চালায়। এ সময় হত্যা মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত পলাতক আসামি জয়নাল সরদারকে গ্রেফতার করা হয়। এসআরবি জানায়, ১৯৯৯ সালের ২৪ সেপ্টেম্বর খুলনা জেলার রপসা থানায় জয়নাল সরদারের বিরুদ্ধে হত্যা মামলা করা হয়। মামলার নম্বর ৫। মামলার বিচার শেষে আদালত জয়নাল সরদারকে হত্যার অপরাধে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং ১০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেতু। একই মামলায় মরদেহ গুমের অপরাধে তাকে আরও পাঁচ বছর সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। এসআরবি সূত্রে আরও জানায়, যে হত্যা মামলায় খুলনার আলোচিত সন্ত্রাসী এরশাদ শিকদারের মৃত্যুদণ্ড হয়েছিল, জয়নাল সরদারও ওই মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি। সাজা ঘোষণার পর তিনি দীর্ঘদিন আত্মপোপনে ছিলেন। এ কারণে আদালত তার বিরুদ্ধে গ্রেফতার পরোয়ানা জারি করেন। এসআরবি-৮ এর সহকারী পুলিশ সুপার ও মিডিয়া কর্মকর্তা ওয়ালিদ হাসান মিঠু জানান, গ্রেফতার জয়নাল সরদারকে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য খুলনা মহানগরীর সোনাডাঙ্গা মডেল থানায় হস্তান্তর করা হয়েছে।

কৃষকরা হলেন দেশের

কৃষকদের সামগ্রিক উন্নতি ও সার্বিক স্বার্থ সংরক্ষণে জাতীয় পর্যায়ে কৃষকদের একটি কেন্দ্রীয় সংগঠন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। তিনি কৃষকদের সর্বস্বাণী সহযোগিতার আশ্বাস দেন এবং কৃষি ও বাণিজ্য মন্ত্রীসহ সর্বোচ্চ পর্যায়ে যোগাযোগ করার পরামর্শ দেন এবং কৃষকদের স্বার্থকে একটি আন্দোলনে পরিণত করার আহ্বান জানান। রষ্ট্রপতি বলেন, এ দেশের সবচেয়ে ইতিবাচক খাত কৃষি। কৃষকের ঘাম, পরিশ্রম, নতুন-নতুন উচ্চফলশীল জাত ও কৃষি প্রযুক্তি উত্তাবন এবং প্রযুক্তির যথাযথ ব্যবহারের ফলে ফসল উৎপাদন বহুগুণ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, কৃষকরা দুর্নীতি করে না বরং সমাজ ও রাষ্ট্রের অগ্রগতিতে অবদান রাখেন। কৃষিপণ্যের ন্যায্য মূল্য না পাওয়ার বিষয়টি উল্লেখ করে তিনি বলেন, কৃষি পণ্য ও শস্য যাতে সহজে ভোক্তার কাছে পৌছাতে পারে, কৃষক যাকে সঠিক মূল্য পায়, সেজন্য একটি কার্যকর বিপণন ব্যবস্থা গড়ে তুলতে হবে। এ বিষয়ে কৃষকদের আরো উদ্যোগী, সচেতন ও সজাগ হওয়ার জন্য তিনি আহ্বান জানান। রষ্ট্রপতি বলেন, কৃষিপণ্যের ন্যায্যমূল্যে গ্রাণ্ডি ও কৃষকদের উন্নয়নে বর্তমান সরকার একটি নতুন স্কিম চালু করেছে, এরইমধ্যে তিন হাজার কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। তিনি বলেন, কৃষকদের উন্নতির দিকটা বরাহা দেওয়া হয়েছে। তিনি বলেন, সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মতো বর্তমান সরকারও কৃষকদের দশ হাজার টাকা পর্যন্ত সুদসহ কৃষিক্ষেত্র মওকুফ করেছে। কৃষকদের সহজ শর্তে কম সুদে কৃষি ঋণের ব্যবস্থা গ্রহণসহ কৃষি ও কৃষকের উন্নয়নে সরকারের বিভিন্ন কার্যকর পদক্ষেপের বলে উল্লেখ করে রষ্ট্রপতি অচিরেই কৃষকরা এর সুফল পাবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। সামফ্রকালে প্রতিনিধি দল কৃষকদের উন্নয়নে কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত, বিনা সুদে ঋণ সুবিধা, কৃষকদের স্বীকৃতি দিতে কৃষক দিবস উদযাপন ও কৃষকদের জাতীয় পুরস্কার প্রদান, কমিা বিনা চালু, জেলা-উপজেলার আইন-শৃঙ্খলা বিষয়ক সমিটিতে প্রতিনিধিত্ব, বঙ্গপ্রগতি ও সাপে কাটা থেকে সুরক্ষা ও কৃষি উপকরণের সুলভ সরবরাহ সংক্রান্ত

বিভিন্ন দাবি-দাওয়া রষ্ট্রপতির কাছে পেশ করেন। রষ্ট্রপতি বলেন, দেশে উৎপাদিত ফল-মূল, কৃষিজাত পণ্যের বিদেশে ব্যাপক চাহিদা ও অফুরন্ত সম্ভাবনা রয়েছে। তিনি আধুনিক প্রযুক্তি ব্যবহার করে এসব কৃষি ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানিতে এগিয়ে আসার জন্য সমিতির সদস্যদের প্রতি আহ্বান জানান। এছাড়া কৃষি প্রক্রিয়াজাত শিল্প-কারখানা, আধুনিক হিমাগার স্থাপনে উদ্যোগ গ্রহণ ও খামারে আধুনিক সোনার প্যালেল ব্যবহার করার ওপর গুরুত্বারোপ করেন রষ্ট্রপতি। এসময় কৃষিক্ষণের সুদ বিশেষ করে এনজিও থেকে গৃহীত ঋণের সুদ কমানোর বিষয়েও উদ্যোগ নেওয়ার আশ্বাস দেন রষ্ট্রপতি। কৃষক সমিতির সভাপতি ঈশ্বরদীতে কৃষিক্ষেত্রে অবদানের জন্য সত্তরোর্ধ্ব কৃষকদের সংবর্ননা ও আধুনিক কৃষিপণ্য প্রদর্শন ও বাণিজ্যিকীকরণে মেলা আয়োজনের উদ্যোগ গ্রহণের কথা রষ্ট্রপতিকে অবহিত করেন এবং অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণের জন্য রষ্ট্রপতিকে অনুরোধ করেন। রষ্ট্রপতি মেলায় উপস্থিত থাকার আশ্রহ ব্যক্ত করেন।

সরকারি প্রাথমিকে মেধায় উত্তীর্ণদের

কারণে অনেককে বঞ্চিত করা হয়েছে, তা কোনোভাবেই মেনে নেওয়া হবে না বলে জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশ। রোববার (২৭ সেপ্টেম্বর) এক বিবৃতিতে ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান একথা বলেন। বিবৃতিতে তিনি বলেন, কোনো প্রাথমিক বিদ্যালয়ে ফৌজদারি মামলা বা অপরাধে জড়িত ব্যাকার স্ট্রনির্দিষ্ট তথ্য থাকলে তাকে সরকারি চাকরির জন্য অনুপযুক্ত বিবেচনা করা যেতে পারে। কিন্তু প্রাথমী কিংবা তার পরিবারের সদস্যও আত্মীয়স্বজনের রাজনৈতিক সংশ্লিষ্টতা যাচাই করে নিয়োগের বিষয়ে ইতিবাচক বা নেতিবাচক সিদ্ধান্ত নেওয়া গ্রহণযোগ্য নয়। গাজী আতাউর রহমান বলেন, প্রাথমী ও তাদের পরিবারের রাজনৈতিক পরিচয় যাচাই করে সরকারি চাকরিতে নিয়োগ দেওয়ার চর্চা জুলাই গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের অমলেও ছিল। মেগার অধিকারকে কেন্দ্র করে যে গণ-অভ্যুত্থান হয়েছে, তার সব গঠিত সরকারের সময়েও রাজনৈতিক চিন্তাবাবনার কারণে মেধাধারীদের বঞ্চিত করা কোনোভাবেই মেনে নেওয়া হবে না। তিনি বলেন, সরকারকে বলবো, মেধাযুক্তরা উত্তীর্ণ হয়েছে তাদের নিয়োগপত্র দিতেই হবে। সরকারি চাকরিতে নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে পুলিশ ও গোয়েন্দা সংস্থার মাধ্যমে যাইহইয়ের প্রচলিত রীতির সমালোচনা করে ইসলামী আন্দোলনের মহাসচিব বলেন, এ ব্যবস্থা ব্রিটিশ রাজতন্ত্রের ধারাবাহিকতা। সমাজবাদিবিরোধী আন্দোলন দমন করতে তখন চাকরিপ্রার্থীদের রাজনৈতিক সংশ্লিষ্টতা যাচাই করা হতো। স্বাধীনতার পরও এই চর্চা বন্ধ হয়নি দাবি করে তিনি বলেন, দলীয় সরকারগুলো সাধারণত গোয়েন্দা সংস্থার যাচাইয়ের মাধ্যমে বিরোধী দল ও মতের অনুসারী এবং তাদের পরিবারের সদস্য ও স্বজনদের সরকারি চাকরি থেকে বঞ্চিত করে। একই প্রক্রিয়ায় নিজেদের লোকদের নিয়োগ নিশ্চিত করা হয়। জনপ্রশাসনের দলীলকরণেও এই যাচাই প্রক্রিয়া ভূমিকা রাখে বলে মন্তব্য করেন তিনি। গাজী আতাউর রহমান সতর্ক করে বলেন, বিএনপি সরকারও যদি আগের সরকারগুলোর মতো একই ধারাবাহিকতা অনুসরণ করে, তাহলে নতুন করে আন্দোলনের পরিস্থিতি তৈরি হতে পারে। বিবৃতিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে উত্তীর্ণ সব প্রার্থীর নিয়োগ নিশ্চিত করার দাবি জানান ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব।

ধনী-ব্যবসায়ীদের কাছ থেকে

থেকে চাঁদাবাজির পর এবার বিএনপি গরিব শিশুদের টিকাও লুট করেছে। একই সঙ্গে রাজডা এমসিএইচ-এরূপি সেন্টারে সংঘটিত এই হামলা, ভাঙচুর ও লুটপাট একটি সংগঠিত অপরাধ, যার সঙ্গে বিএনপির নেতাকর্মী, স্থানীয় প্রশাসন ও পুলিশের যোগসাজশ রয়েছে। রোববার (২৭ সেপ্টেম্বর) রাজধানীর মিরপুর-১ এলাকায় রাজডা এমসিএইচ-এরূপি সেন্টারের ধ্বংসস্তূপ পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। আসিফ মাহমুদ বলেন, বিএনপি ধনীদের থেকে চাঁদাবাজি করে, ব্যবসায়ীদের থেকে চাঁদাবাজি করে। ইসিবিতে আমরা দেখলাম সামান্য মুজদিগণের স্টুডিওতে ভয়াবহ ধ্বংসযজ্ঞ চালানো হয়েছে। আর এখানে গরিব বাচ্চাদের টিকাটাও ছাড়েনি। তিনি বলেন, প্রায় ৫০ বছর ধরে প্রতিষ্ঠানটি মাতৃসদন, শিশুদের টিকানাসহ বিভিন্ন স্বাস্থ্যসেবা দিয়ে আসছে। স্বাধীনতার পর থেকেই এটি একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে মাধ্যম ও নিম্ন আয়ের মানুষের চিকিৎসােসবায় কাজ করে যাচ্ছে। দেশের জনস্বাস্থ্য ব্যবস্থা এমনিতেই দুর্বল। এর মধ্যে এ ধরনের দাতব্য প্রতিষ্ঠান স্বাস্থ্যসেবাকে বিকেন্দ্রীকরণ করে সাধারণ মানুষের দেরোগোড়ায় চিকিৎসা পৌঁছে দেয়, তাই এমন প্রতিষ্ঠানের ওপর হামলা অত্যন্ত উদ্বেগজনক। এনসিপির মুখপাত্র অভিযোগ করেন, বিএনপির এক সংরক্ষিত নারী আসনের সাবেক এমপির নেতৃত্বে এ হামলা সংঘটিত হয়েছে। তিনি বলেন, ওই সাবেক এমপির স্বামী একসময় এলাকার কমিশনার এবং ভাই ছাত্রলীগের সভাপতি ছিলেন। তাদের অতীত রাজনৈতিক সংগ্রামকে সম্মান জানাই। কিন্তু দুঃখজনকভাবে আমরা প্রত্যাক করলাম তার নেতৃত্বে এখানে ধ্বংসযজ্ঞ, লুটতরাজ ও মবতন্ত্র কায়ম করা হয়েছে। তিনি আরও দাবি করেন, হামলাকারীরা গুম্বুধ, ইনজেকশন, চিকিৎসা সরঞ্জাম এমনকি শিশুদের টিকাও লুট করে নিয়ে গেছে। গরিব মানুষের, গরিব বাচ্চাদের টিকা লুট করে আপনারা কী প্রমাণ করতে চান? আপনাদের এ কাজকে দেখে আমাদের লজ্জা হয়। পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলে তিনি বলেন, সিঙ্গিটিং ফুটপেট দেখা গেছে এন্সকাউন্টার ট্রাকে করে আনা হয়েছে। ঢাকা শহরে কোনো ভবন ভাঙতে পুলিশের ও সিটি কর্পোরেশনের অনুমতি প্রয়োজন হলেও পুলিশ সেখানে উপস্থিত থেকেও কোনো ব্যবস্থা নেয়নি। বরং ভাঙচুর শুরু হওয়ার পর ঘটনাস্থল ভাঙ্গা করেই বলে অভিযোগ করেন তিনি। ঘটনার পর আমরা দেখলাম প্রবেশপথে ও ভেতরে পুলিশ রয়েছে। যেন বাংলা চলচ্চিত্রের মতো সবকিছু শেষ হওয়ার পর পুলিশ পরিদর্শনে এসেছে। সরকারের প্রতি আহ্বান জানিয়ে আসিফ মাহমুদ বলেন, ইসিবি ও রাজডা উভয় ঘটনার জন্য একটি নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করতে হবে। হামলা, লুটপাট ও দায়িত্বে অবহেলার সঙ্গে জড়িত ব্যক্তি এবং সংশ্লিষ্ট পুলিশ সদস্যদের বিরুদ্ধে বিভাগীয় ও ফৌজদারি ব্যবস্থা গ্রহণের দাবি জানান তিনি। এগুলো কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। বিএনপিসি এমপি, সিটি কর্পোরেশনের প্রশাসক ও স্থানীয় পুলিশ সবর একাবদ্ধ করে এক সংগঠিত অপরাধ এটি। দ্রুত বিচার না হলে আমরা মনে করব রাষ্ট্রের উচ্চপর্যায়ের সবাই বিষয়টি সম্পর্কে অবগত এবং এর দায় এড়াতে পারবেন না।

চাঁদাবাজেরা মৌচাক ভেবে ভিমরুলের

ও বিরোধীদের নিজো শফিকুর রহমান বলেছেন, মাঝে মাঝে মধু আহারকারী চাঁদাবাজেরা মৌচাক মনে করে ভিমরুলের চাকেও ঢিল ছুড়ে দেয়। তখন সেই ঢিল বুমেগা হয়ে তাদের দিকেই ফিরে আসে। রোববার নিজের ভেরিফায়ের ফেসবুকে অ্যাকাউন্টে এক পোস্টে এ কথা বলেন শফিকুর রহমান। ফেসবুকের ওই পোস্টে কর্তৃতৃশালীরা নিজস্বের চাঁদাবাজদের কি সামলাবেন—এমন প্রশ্ন রাখেন জামায়াত আমির। তাঁরা ভাষায়, ‘একের পর এক ঘটনা ঘটেই চলেছে। হ্যাঁ, এর শেষ হবে একদিন, ইনশাআল্লাহ’। পাঠকদের সুবিধার্থে পোস্টটি হুবহু তুলে ধরা হলো—‘গভীর রাতে জুলাইহাট ও সোয়ালি মিডিয়া ইনফ্লুয়েসার সালমান মুজাদ্দিদের স্টুডিওতে চাঁদাবাজদের হানা, ভাঙচুর, লুটতরাজ ও তাজমা। মাঝে মাঝে মধু আহরণকারী চাঁদাবাজরা মৌচাক মনে করে ভিমরুলের চাকেও ঢিল ছুড়ে

দেয়। তখন সেই ঢিল বুমেগা হয়ে তাদের দিকেই ফিরে আসে। কর্তৃতৃশালীরা নিজেদের চাঁদাবাজদের কী সামলাবেন? একের পর এক ঘটনা ঘটেই চলেছে। হ্যাঁ, এর শেষ হবে একদিন, ইনশাআল্লাহ।’

তত্ত্বাবধায়ক সরকারসহ আরও

প্রস্তাব দিয়েছিল বিএনপি বলে জানিয়েছেন সংবিধান সংশোধন-সংক্রান্ত বিশেষ কমিটির সভাপতি ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ভবিষ্যতে কোনো সংসদ যাতে এসব বিধান সংশোধন করতে না পারে, সে জন্য সংশ্লিষ্ট অনুচ্ছেদগুলো গণভোটের আওতায় আনার প্রস্তাব দেওয়া হয়েছে। রোববার (২৭ সেপ্টেম্বর) জাতীয় সংসদে সংবিধান সংশোধন-সংক্রান্ত বিশেষ কমিটির তৃতীয় সভা শেষে সাংবাদিকদের এসব কথা বলেন সালাহউদ্দিন আহমদ। সভায় দেশের জাতীয় দৈনিকগুলোে সম্পাদক, বিভিন্ন সাংবাদিক ফোরামের প্রতিনিধি ও বিশিষ্ট সাংবাদিকরা অংশ নেন। তাদের কাছ থেকে সংবিধান সংশোধনের বিভিন্ন বিষয়ে মতামত ও প্রস্তাব নেওয়া হয়েছে। কমিটির সভাপতি জানান, অংশগ্রহণকারীদের অনেকেই তাদের প্রস্তাব লিখিতভাবে দেওয়ার কথা জানিয়েছেন। সালাহউদ্দিন আহমদ বলেন, আজকের মতবিনিময় সভায় জাতীয় দৈনিকের সম্পাদক, বিভিন্ন সাংবাদিক ফোরামের প্রতিনিধি ও বিশিষ্ট সাংবাদিকরা অংশ নিয়েছেন। তারা সংবিধানের প্রস্তাবনা থেকে শুরু করে বিভিন্ন অনুচ্ছেদ ও তফসিল নিয়ে মতামত ও প্রস্তাব দিয়েছেন। তাদের লিখিত প্রস্তাবও দিতে বলা হয়েছে। এসব মতামত কমিটিতে আলোচনা করে চূড়ান্ত প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হবে। বিরোধী দলের অংশগ্রহণের বিষয়ে তিনি বলেন, আমরা বারবারই তাদের আহ্বান জানিয়েছি এবং আহ্বান জানাই। তারা যখনই এই কমিটিতে যোগদান করবেন, আমরা স্বাগত জানাব। আপনাদের যে সমস্ত বক্তব্য আছে, সেগুলো নিয়ে আলোচনা হবে। আলোচনার প্রেক্ষিতে সেগুলো গ্রহণযোগ্য, সবার মতামতের ভিত্তিতে আমরা গ্রহণ করব। এটা ভালো হতো, তারা যদি আলোচনায় অংশগ্রহণ করতেেন। তাহলে দলের পক্ষ থেকে উচ্চািরত অনেক বিষয় আমরা ধারণ করতে পারতাম। তিনি বলেন, আমরা চাই আমাদের মধ্যে পক্ষ থাকুক, বিভক্তি না। জুলাই জাতীয় সনদ আমরা যেভাবে স্বাক্ষরিত করেছি, সেভাবেই বাস্তবায়ন করা। এর বাইরে যেসব বিষয় সরকারের আলেনি বা বাদ পড়ত্বে, সেগুলোও একমতের ভিত্তিতে গ্রহণ করতে চাই। জুলাই জাতীয় সনদ ও বিএনপির নির্বাচনী প্রকল্পত্বেরের অধ্যাকার প্রসঙ্গে সালাহউদ্দিন বলেন, প্রায়োরিটি হচ্ছে জুলাই জাতীয় সনদ। তবে আমাদের নির্বাচনী ইশতেহারে অনুরারে যে বিষয়গুলো আমরা উল্লেখ করে মাস্টেটে পেয়েছি, সেগুলো ধারণ করব। গণভোট প্রসঙ্গে তিনি বলেন, সংবিধানের নির্দিষ্ট কিছু অনুচ্ছেদ সংশোধনের ক্ষেত্রে গণভোটের সাংবিধানিক বাধ্যবাধকতা রয়েছে। বিএনপির পক্ষ থেকে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার বিধানসহ আরও দুটি অনুচ্ছেদকে গণভোটের আওতায় আনার প্রস্তাব দেওয়া হয়েছিল, যাতে ভবিষ্যতে কোনো সংসদ এসব বিধান পরিবর্তন করতে চাইলে পদ্ধতয়ের অনুদানমিত নিতে হয়। তিনি বলেন, তত্ত্বাবধায়ক সরকার জন্মতে যেহেতু আমরা একমত হয়েছি, সেগুলোই একমতের ভিত্তিতে কোনো পার্লামেন্ট অ্যামেন্ডেন্ট করে সেটা পরিবর্তন করতে গেলে মনে গণভোটে যেতে হয়, এই চারটা বিধানের সঙ্গে এই দুইটা অন্তর্ভুক্ত করার জন্য একমত হয়েছিল। এটা বিএনপির পক্ষ থেকে প্রস্তাব ছিল। সালাহউদ্দিন জানান, সংবিধান সংশোধনী বিল সংসদে পাস হওয়ার পর যেসব অনুচ্ছেদের ক্ষেত্রে গণভোটে প্রয়োজন হবে, রষ্ট্রপতি’র স্বাক্ষরের আগে সেগুলোকে গণভোট হবে। বিশেষ কমিটির প্রতিবেদনে প্রসঙ্গে তিনি বলেন, আমরা গণের প্রচেষ্টা চালাছি, যাতে ভিসেখরের ভিতরে আমরা আমাদের রিপেটটা পার্লামেন্টে উপস্থাপন করতে পারি। সেই ক্ষেত্রে এই রিপোর্টের ওপর ভিত্তি করে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে একটা বিল আসবে। আমি আশা করি, জানুয়ারি সেশনে, যেটা বছরের প্রথম অধিবেশন, সেই সেশনে বিলটা আসবে।

ডোবায় মিলল ব্যবসায়ীর গলাকাটা

ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের মাঝের চর এলাকার আবুল কাসেমের ছেলে। তিনি পেশায় গরু ব্যবসায়ী ছিলেন। অভিযুক্ত সালমা বেগম একই ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাবুরহাট এলাকার বাসিনা। নিহতের স্বজন ও স্থানীয়রা জানান, শনিবার সকালে সালমা বেগম ফোন করে আবুল বাশারকে তার বাড়িতে ডেকে নেন। এরপর থেকে তার কোনো সন্ধান পাওয়া যায়ছিল না। পরে পরিবারের পক্ষ থেকে দক্ষিণ আইচা থানায় সাধারণ ডায়েরি করা হয়। স্বজনরা বিভিন্ন স্থানে তাকে খুঁজতে থাকেন। এরই মধ্যে রোববার দুপুরে সালমা বেগমের বাড়ির সামনে একটি ডোবায় আবুল বাশারের গলা ও পেটে কাটা-ছেঁড়া জখমসহ মরদেহ দেখতে পান স্থানীয়রা। খবর ছড়িয়ে পড়লে সেখানে লোকজন জড়ো হন। একপর্যায়ে তারা সালমা বেগমের বাড়ির সামনে বিক্ষোভ করেন এবং পরে মিছিল নিয়ে বাড়িটিতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেন। খবর নিয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনেন। এ সময় সালমা বেগম ও সাইদুর রহমান নামে এক পুরুষকে আটক করে পুলিশ। দক্ষিণ আইচা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আহসান কবীর বলেন, সালমা বেগম ও সাইদুর রহমানকে আটক করা হয়েছে। পরিস্থিতি পুরোপুরি নিয়ন্ত্রণে রয়েছে। হত্যাকাণ্ডের বিষয়টি তদন্ত করা হচ্ছে। নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে পাঠানো হবে।

দখল-চাঁদাবাজি নিয়ন্ত্রণে ব্যর্থতা

এদিকে রাজডা স্বাস্থ্যকেন্দ্রে হামলার ঘটনায় পুলিশ এরই মধ্যে ৯ জনকে গ্রেফতার করেছে এবং লুট হওয়া দুই ট্রাক মালামাল উদ্ধারের কথা জানিয়েছে। জিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, জাতীয় সংসদের সংরক্ষিত আসনের একজন সদস্যের পৃষ্ঠপোষকতায় পুলিশের উপস্থিতিতে প্রায় ৫০ বছর ধরে দরিদ্র মা ও শিশুদের স্বাস্থ্যসেবা দিয়ে আসা একটি প্রতিষ্ঠানে লুটপাট, ভাঙচুর ও জরদখলের অভিযোগ অত্যন্ত উদ্বেগজনক। এ ধরনের ঘটনা সরকারের জন্য বিব্রতকর দৃষ্টান্ত বলেও মন্তব্য করেন তিনি। বিবৃতিতে ইফতেখারুজ্জামান বলেন, রাজনৈতিক পটপরিবর্তনের পর বিএনপির নেতা-কর্মীদের একাংশের বিরুদ্ধে দেশজুড়ে দখলবাজি, চাঁদাবাজি ও অধিপত্য বিস্তারের অভিযোগ উঠছে। বাস টার্মিনাল, ফুটপাত, বাজার, জলমহাল, বালুমহাল, হাটবাজার, কেবল ও ইন্টারনেট ব্যবসাসহ বিভিন্ন খাতে এ ধরনের অভিযোগ পাওয়া যাচ্ছে। ড. ইফতেখারুজ্জামান বলেন, এসব কর্মকাণ্ডকে কেন্দ্র করে দলীয় নেতা-কর্মীদের নিজেদের মধ্যে প্রতিযোগিতা ও সংঘর্ষও ঘটছে। দৈনিক, মাসিক ও এককালীন চাঁদাবাজির অভিযোগ চলমান থাকলেও তা নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা না নেওয়ার পরিস্থিতি আরও স্বাভাবিকতা পেয়েছে। কিশোরগঞ্জের জলমহাল নিয়ে সংঘর্ষ ও কনটেই ক্রিয়েটরের কার্যালয়ে ভাঙচুরের প্রসঙ্গ টেনে জিআইবির নির্বাহী পরিচালক বলেন, এগুলো বিচ্ছিন্ন ঘটনা নয়; ২০২৪ সালের আগস্টের পর থেকে ঘটে চলা ঘটনাবলির ধারাবাহিকতা। এসব ঘটনা সরকারের ভালো উদ্যোগ ও সিদ্ধান্তকে ন্নান করে জনগণের কাছে নেতিবাচক বার্তা দিচ্ছে। জিআইবির নির্বাহী পরিচালক আরও বলেন, দলীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো কোনো ক্ষেত্রে বিহিংসারহ সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হলেও দখলবাজি ও চাঁদাবাজি প্রতিরোধে আরও কঠোর পদক্ষেপ প্রয়োজন। রাজনৈতিক সম্পৃক্ততার কারণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কার্যকর ব্যবস্থা নিতে না পারলে যেছাচারিতার, দুর্নীতি ও বিচারনিহতার সংস্কৃতি পুনঃপ্রতিষ্ঠার আশঙ্কা রয়েছে। সংস্হাটি অবিলম্বে প্রতিটি ঘটনার যথাযথ তদন্ত করে জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনার দাবি জানিয়েছে।

বরিশালে বিশ্ব পর্টন দিবসে

দর্শনাধীনের নিরাপত্তা, যাতায়াতের সুবিধা, আবাসন ব্যবস্থা ও বিনোদনের পর্যাপ্ত সুযোগ নিশ্চিত করা জরুরি। এসময় তিনি বরিশাল স্টেডিয়ামের আশপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করার পাশাপাশি স্টেডিয়ামের পাশে সুইমিং পুলসহ বিভিন্ন বিনোদন সুবিধা গড়ে তোলার পরিকল্পনা রয়েছে বলে জানান।

সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. ওবায়দুল্লাহ, অতিরিক্ত পুলিশ সুপার মো. মাসুম বিল্লাহ, জেলা প্রাণিসম্পদ কার্যালয়ের ট্রেনিং অফিসার ডা. শূশান্ত দাশসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ব্যবসায়ী প্রতিনিধি, টুরিস্ট পুলিশ, বেসরকারি উন্নয়ন সংস্থাে স্থানের প্রতিনিধি ও গণমাধ্যমকর্মীরা।

ভালোবাসার অনন্য দৃষ্টান্ত, স্বামীর

সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হল। মন্দিরা রানী পাল বর্তমানে গৌরনদীর কটকস্থল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে কর্মরত। এই দম্পতির এক ছেলে ও এক মেয়ে রয়েছে। ছেলে হুদম পাল স্নাতককে এবং মেয়ে রাই পাল উষ্টম শ্রেণিতে পড়াশোনা করছে। পরিবার সূত্রে জানা যায়, ২০১৯ সালে প্রথম সুদাম পালের কিডনি জটিলতা ধরা পড়ে। দেশ-বিদেশের বিভিন্ন হাসপাতালে দীর্ঘ চিকিৎসা শেষে দিল্লির ‘ম্যাক্স সুপার স্পেশালিটি হাসপাতাল’-এর চিকিৎসকেরা তাকে দ্রুত কিডনি সংযোগজনের পরামর্শ দেন। দীর্ঘদিন চেষ্টা করেও উপযুক্ত কোনো ডোনার না পাওয়ায় স্বামীকে বাঁচাতে নিজের একটি কিডনি দেওয়ার সিদ্ধান্ত নেন স্ত্রী মন্দিরা রানী পাল। পরবর্তীতে আদালত, আইন মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যবতীয় আইনি প্রক্রিয়া সম্পন্ন করা হয়। সব আনুষ্ঠানিকতা শেষে রোববার সকাল ৮টায় সড়কপথে ভারতের দিল্লির কলকাতা রেলপথে দেশ ত্যাগ করেন এই শিক্ষক দম্পতি। আগামী ২৯ সেপ্টেম্বর বিরকলে দিল্লির হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকদের সঙ্গে তাদের পরবর্তী চিকিৎসা প্রক্রিয়া শুরু হওয়ার কথা রয়েছে। মন্দিরা রানী বাঁচাতে স্ত্রীর এমন আত্মত্যাগের খবর সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে সর্বস্বত্বের মানুষের প্রশংসায় ভাসেন প্রধান শিক্ষক মন্দিরা রানী পাল। নোেকেনেরা এই দম্পতির চিকিৎসা সফলতা ও দ্রুত সুস্থতা কামনা করে শুভকামনা জানাচ্ছেন। একইসঙ্গে শিক্ষক দম্পতিও তাদের চিকিৎসা সফলভাবে সম্পন্ন হওয়ার জন্য দেশবাসীর কাছে দোয়া ও আশীর্বাদ প্রার্থনা করেছে।

বিএম কলেজের নতুন উপাধ্যক্ষ

বিভাগের সরকারি কলেজ-২ শাখার এক প্রজ্ঞাপনে এই আদেশ জারি করা হয়। মন্ত্রণালয়ের উপসচিব স্বাক্ষরিত ওই প্রজ্ঞাপনে জানানো হয়, বিসিএস (সাধারণ শিক্ষা) কাডারের কর্মকর্তাদের পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিজ বেতন ও বেতনক্রমে তাঁদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো। প্রজ্ঞাপনের তালিকা অনুযায়ী, সরকারি বিএম কলেজের পদার্থবিদ্যা বিভাগের ওএসডি (মোউশি অধিদপ্তর) অধ্যাপক কাজী জাবের আহমেদকে একই কলেজের উপাধ্যক্ষ পদে পদায়ন করা হয়েছে। এর ফলে তিনি নিজ কর্মস্থলেরে উপাধ্যক্ষ হিসেবে নতুন দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, নতুন উপাধ্যক্ষ হিসেবে বিভাগের কাজী জাবের আহমেদের মেধা, অভিজ্ঞতা ও দূরদর্শী নেতৃত্ব সরকারি ব্রজমহান কলেজের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমকে আরও গতিশীল ও সমৃদ্ধ করবে।

হত্যা মামলার পলাতক আসামি গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশারের বাকেরগঞ্জে ভ্যানচালক সুমন সিকদার হত্যা মামলার এজাহারভুক্ত দুই নম্বর পলাতক আসামি সুমন সিকদারকে গ্রেফতার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮। রোববার (২৭ সেপ্টেম্বর) ভোর সাড়ে ৪টায় দিকে উত্তোলার বাড়িই ইউনিয়নের শিয়ালগুনি এলাকায় মোয়াজ্জেম হাওলাদারের কাছ থেকে তাকে গ্রেফতার করা হয়।
গ্রেফতার সুমন সিকদার (৩০) কবাই ইউনিয়নের শিয়ালগুনি গ্রামের বাবুল সিকদারের ছেলে। নিহত সুমন সিকদার (৩৮) কালেরকাঠি গ্রামের মৃত আদাম আলী সিকদারের ছেলে। স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮ বরিশাল সদর কোশানি কমান্ডার লেফটেন্যান্ট কমান্ডার মো. শাহরিয়ার রিফাত বিষয়টি নিশ্চিত করেছেন।
মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ১০ সেপ্টেম্বর সন্ধ্যা ৬টার দিকে কবাই ইউনিয়নের কালেরকাঠি গ্রামে নিহত সুমন সিকদারের বাড়ির সামনে পূর্বশত্রুতার জেরে কয়েকজনের সঙ্গে তার কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে রিয়ান্না হাওলাদার, সুমন সিকদার ও অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য মল্লান তালুকদার গুরুফে মনাসহ ৮ থেকে ১০ জন ধারালো অস্ত্র নিয়ে সুমনের ওপর হামলা চালিয়ে এলোপাতাড়ি কুপিয়ে একে গুরুতর গুরুতর করে। পরে তাকে মৃত ভেবে বাড়ির পাশেই একটি পুকুরপাড়ে ফেলে রেখে চলে যান। জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ খবর পেয়ে বাকেরগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে গুরুতর আহত সুমনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎকক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় নিহতের স্বজনদের প্রতিক্রিয়ায় রিভিভিতে রিয়ান্না হাওলাদার (৩৫), মল্লান তালুকদার গুরুফে মনা (৬৫) ও সুমন সিকদারকে (৩০) আসামি করে মামলা করা হয়। মামলার এজাহারভুক্ত আসামিরা ঘটনার পর থেকে পলাতক ছিলেন বলে জানিয়েছে এস?আরবি। পরে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে ঘটনার ১৭ দিন পর মামলার দুই নম্বর আসামি সুমন সিকদারকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তারের পর তাকে বাকেরগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে। বাকেরগঞ্জ থানার ওসি (তদন্ত) পলাশ সরকার বলেন, কবাই ইউনিয়নে ভ্যানচালক হত্যা মামলার এজাহারভুক্ত ২ নম্বর আসামিকে গ্রেফতার করে থানায় সোপর্দ করে এসআরবি। আইনি প্রক্রিয়া শেষে তাকে আদালতে পাঠানো হয়েছে।

কুয়াকাটায় এক ইলিশ বিক্রি সাড়ে ৬ হাজার টাকায়

কুয়াকাটা প্রতিনিধি

পট্টাখালীর মহিপুর মৎস্যবন্দরের এক জেলের জালে ধরা পড়ত্বে এক কেজি ৯০০ গ্রাম ওজনের একটি ইলিশ মাছ। শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে মহিপুর বাজারে মাছটি বিক্রির জন্য নিয়ে আসেন আদাস নামের এক মাঝি। এর আগে বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) পায়রা বন্দরের শেষ বায়য় এফবি জুলাই নামের একটি মাছ ধরার ট্রালারে ইলিশটি ধরা পড়ে। পরে মহিপুরের মায়ের দোয়া আড়তে মাছটি বিক্রি করা হয়। জানা গেছে, মণপ্রতি ইলিশের দাম পড়ে ১ লাখ ৪০ হাজার টাকা। কবাই অনুযায়ী প্রতি কেজি ৫ হাজার ৩০০ টাকা দরে কিনে নেন সৌরভ নামের এক ক্রেতা। সে হিসাবে মাছটির মোট দাম দাঁড়িয়েছে ৬ হাজার ৬০০ টাকা। বাজার সংশ্লিষ্টরা জানান, বড় আকারের ইলিশের প্রতি ক্রেতাদের আশ্রহ বরাবরই বেশি। বিশেষ করে দুই কেজি বা তার বেশি ওজনের ইলিশ বাজারে এলে তা নিয়ে ক্রেতা-বিক্রেতাদের মধ্যে বাড়তি আশ্রহ দেখা যায়। স্থানীয় এক মাছ ব্যবসায়ী আকতার বলেন, ‘দুই কেজির ইলিশ বাজারে খ

কীর্তনখোলা ডেস্ক
ইরানকে বৈশ্বিক অর্থনীতি ও আর্থিক ব্যবস্থা থেকে বিচ্ছিন্ন করতে এবার বিশ্বজুড়ে কূটনৈতিক ও অর্থনৈতিক চাপ বাড়চ্ছে যুক্তরাষ্ট্র। এ লক্ষ্যে বিভিন্ন দেশে বিশেষ দল পাঠানো হয়েছে বলে জানিয়েছেন মার্কিন অর্থমন্ত্রী স্কট ও এর পাঠায় দেখুন



কীর্তনখোলা বিপোষ্ট
বিরশালা নদীভাঙো বেন ধীরে
ধীরে বদলে দিচ্ছে জেলা
মানচিত্র। নদীর ভাঙনে একের
পরে এক বিলীন হচ্ছে জনপদ,
বনভরত, বাসাবিহীন, শুষ্ক
ও ফসল জরি। কোথাও বর
সরিয়ে নেওয়ার আগেই তলিয়ে
যাচ্ছে ভিটেমাটি, আবার কোথাও
বাজার ও রক্তচুষ্ট স্থাপনা চলে

এসেছে ভাঙনের একেবারে
কিরাতে। বর্ষা মৌসুমে ভাঙনের
তীব্রতা বাড়ায় নদীভাঙের
মানুষের মধ্যে ধোনা দিয়েছে
আতঙ্ক। বিরশালা পানি উন্নয়ন
ওচরটি তথা অনুযায়ী, জেলার
৩৮টি মদ-নদীর মধ্যে দৈর্ঘ্য
৭১৬ কিলোমিটার। এর মধ্যে
মেঘনা, হুত্বেয়া, কীর্তনখোলা,
আড়িয়াল বা, সত্কা ও সুপাক্ষা

আটিচি নদীর প্রায় ৬০
কিলোমিটার এলাকা বর্তমানে
জান চলেছে। এর মধ্যে ২০
থেকে ২৫ কিলোমিটার এলাকা
ভাঙনের তীব্রতা বেশি। সত্যেয়ে
ভয়াবহ পরিস্থিতি মেঘনা ও
ওত্বেয়া নদীভাঙের
মেহেদিগঞ্জ। সাধারণত সময়ে
উপজেলায় চরপোশালপুর ও
ও এর পাড়ায় দেখে



আশৈলভাড়া প্রতিনিধি
বলিয়েয় আগৈলঝাড়া উপজেলায় মানকবিরোধী পৃথক দুটি অভিযান চালিয়ে দুই হাজার ১০ পিস হাতিবা ট্যানেলস্টেম চার যুগলকে আটক করেছে আশৈলভাড়া থানা পুলিশ। শনিবার দিবাভাগে রাতে উপজেলার সেলাই চৌরাস্তা ও অশুপাশের এলাকায় অভিযান দুটি পরিচালনা করা হয়।এরমধ্যে আটক চারজন হাতিবাল, বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের আবুল কালাম হাওলাদারের ছেলে মেদেদী হাসান (৩৫) ও এর পাতায় দেখুন

বরগুনা প্রতিনিধি
 বঙ্গ ছাটর পর বাড়ি ফেরার পথে পঞ্চম শ্রেণিতে পড়ুয়া এক ছাত্রীকে নির্যাতনের মাধ্যম করে তিনটি দাঁত ফেলে দেওয়ার ঘটনায় অত্যন্ত প্রধান আত্মমি ফয়সালকে ফ্রেফতার করা হয়েছে। এমসরাবির-৮ গুটিয়াখালী ক্যান্সন সদস্যদের সহযোগিতায় অভিযান চলিয়ে তাদের ফ্রেফতার করে পুলিশ। রোববার (২৭ সেক্টম্বর) দুপুর ২টার দিকে বরগুনা সেরন উপেলার পুরাকটী ফেরিঘাট নামক এলাকা থেকে তাদের ফ্রেফতার করা হয়। বরগুনা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মো. মুফিক হোসান খান বলেন, ৩০ এত পাতায় দেখুন



পুস্তকসহী বাংলায় দেবের বড় অনুমতি

ইসলাম ও প্রচলিত শিক্ষার অঙ্গুর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।

২০২৩ শিক্ষাবর্ষ

আলিম প্রাতি

বাকসহী কিতাবী পুস্তকসহী

আবাসিক

অনাবাসিক

ডে-কেয়ার

নাখিলে **A+** প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

২০২৩ শিক্ষাবর্ষ কিতাবী পুস্তকসহী

ক্রঃ	কিতাব	ফরাস	A+	A	B	C	মোট
১ম	১০	১০	১০	১০	১০	১০	৬০
২ম	১০	১০	১০	১০	১০	১০	৬০

ব্রিট

সিডি

যোগাযোগ: ০১৭১২-৮৫১৪২২, ০১৭১৮৮৭৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি **নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বরিশাল ॥ সোমবার ॥ ২৮ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৫ আশ্বিন ১৪৩৩

কীর্তনবিলাস ভেঙ্ক		
ভেঙ্ক নম্বন করে ডেহুতে আকান্ত হয়ে আরও ছাছনরে মনুষ্য হয়েছে। এ নিচুর চলতি সেকেন্দর মামন ডেহুতে প্রাণ হারায়। ১১৮ জন। আদিকরে, এক দিকরে হাজারে চলতি মামন সর্বোচ্চ ২ হাজার ১৬৮ জন মনুষন	রোগী হাসপাতালভর্তি হয়েছে। রোগীর স্বাস্থ্য আদিকরিয়ে ডেহুবিষয়ক হালালদাম বিজ্ঞতি থেকে এমন ভাব জ্ঞানা পেয়ে। স্বাস্থ্য আদিকর জ্ঞানিয়েছে, গত ২৪ ঘটরা (শনিবার সন্ধ্যা ৮টা থেকে) গতকাল সকাল ৮টা থেকে মারা যাওয়া ছয়জনকে	মধ্যে দুজন দিলেই বিবাহে চিকিৎসাধীন ছিল। এ চারজনকে মধ্যে একজন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে এলাকার হাসপাতালে, ঢাকা বিলাসে এক, বরিশালে, ঢাকা চট্টগ্রাম বিভাগে একজনের মৃত্যু হয়েছে। এ ওর প্রাণাঙ্গ দেখে

শাহাবুদ্দিন সিকদার,
চরফাসান
সকালের মৃদু শিশিরে
ঢাকা স্কেভ-খামার।
সেখানে ঘাস কাটতে
যান ২৭ বছর বয়সী
তরুণ কৃষক
সোলাইমান। ঘাস
কাটার ব্যস্ততায়
ঘাসের ভেতর থেকে
হঠাৎ একটি সাপ
তার বাহ্য হাতে
দৃশ্যমান করে। নিরুপ-



পূর্ণাখালী প্রতিদিন

পূর্ণাখালীর কলাপাড়ায় সাত মাসের অন্তঃসত্ত্বা একে নারীকে লাগি মারার অভিযোগ উঠেছে বিন মৃৎকর বিরুদ্ধে। এ ঘটনার গণ্ডাপ্রেরণের পর নবজাগরণের মুহূর্ত ঘটেছে বন্দা জাণিরেফের চিকিৎসকরা। শনিবার (১৬ সেক্টেম্বর) রাতে ৮টাের দিকে উপজেলায় চাকারিয়া ইনসিটেরে মৃৎকরী স্যাত একাডায় এ ঘটনা ঘটে। ভুক্তভোগী তানিয়া বেয়াম (১৫) বর্তমানে কলাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসালায়। এ ঘটনায় তার স্বামী হাবিব পাহলান (৪৫) ও বান্দা দুলাল হাওলাদার (৫৫) আহত হয়েছেন বন্দা জাণা গেছে। স্থানীয় স্যাত জেনা যান, শনিবার রাতে হাবিব পাহলান তার সাথে ও এর পাতায় ডায়ান



বৈরাহ্যউদ্দিন প্রতিনিধি
তোলায় শমীর অধিকার ও সন্তানের বাবার পরিচয়ের দাবিতে
মহাসড়ক অবরোধ, মানববন্ধন এবং বিক্ষোভ মিছিল করেছেন।
আজকের যাত্রার (২৭ সেপ্টেম্বর) বেলা ১১টা থেকে দুপুর ১টা
পর্যন্ত উপজেলার তোলা-চরঘাটের আশ্বেক মহাসড়কের কাটা
সড়কের দুইপাশের পোলাপোলা এলাকা এবং কর্মসূচি পালিত হয়। এ সময়
সড়কে তীব্র যানজটের সৃষ্টি হয়। যাত্রীবাহী বাসহই অন্যান্য যানবাহন
আটকা পড়ে চমৎ গোপাতিতে পড়েন ও এর পাতায় দেবেন



অধ্যাপক ডা. এত.প্রি.ডব্লিউ রবীন্দ্র

এমেরিটাস (ঢাকা) এবং (কুয়েত)
এডিউপিউইএনএ (কুয়েত) ইন
অবসায় (আমেরিকা) বোইজ (চীন)
আরবাইও (ঢাকা) ল্যাংকা ও প্রাকোম
ফেনো, জার্মানি চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা
ও এস.বি. ন্যাশনাল সনসক্রেসে ও শোভিত সেবা
পদব্যাধি

**মাথা ব্যথা, প্রাকোম,
ফ্যাংকা সার্জন ও চক্ষু
বিশেষজ্ঞ**

বিভাগীয় প্রধান:
শের-ই-বাংলা মেডিকেল সেন্টার হাসপাতাল (এন্ড) বর্ডার
সাইড এংকোমো মেডিকেল সেন্টার ও হাসপাতাল বর্ডার

বিশ্বনাথ মোহাম্মদ: **মেম্বা ডায়গনস্টিক ল্যাব**

৪০ সপ্তম ফেজ (মোটাম খাদি বই) এর বিখিত: বর্ডার | বর্ডার: dr.abdullah@dr.abdullah.com

ফিলিস্তিন প্রশ্নকে আন্তর্জাতিক সম্প্রদায়ের বিবেকের পরীক্ষা হিসেবে উল্লেখ করেছে ইন্দোনেশিয়া। দেশটির পররাষ্ট্রমন্ত্রী সুগিওনো বলেছেন, ফিলিস্তিনি জনগণের আত্মনিয়ন্ত্রণের অধিকার প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত তাদের ও এর পাতায় দেখুন



রাজ্জিৎ হাকিম মিয়া, বিশেষ করে
সককার ব্রহ্মোহন (বিহেম) কলেজে 'সককার ব্রহ্মোহন' কলেজ
জার্নাল'-এর দ্বিতীয় খণ্ডের (ভলিউম-২) মোড়ক উন্মোচন এবং কৃতী
শিক্ষার্থী সর্বেশ্বনা-২০১৬ অনুষ্ঠিত হয়েছে। রাববার (২৯ সেপ্টেম্বর)
বেলা ১১টাতে সককার ব্রহ্মোহনের অনুরোধে নাট্যনাট্য অনুষ্ঠিত শিক্ষক
সম্মেলন অনুষ্ঠিত এবং বর্ণিত্য অনুরোধে আয়োজন করা হয়। সককার
ব্রহ্মোহন কলেজের আয়োজন অনুষ্ঠিত শুভ সভার প্রধান অতিথি
হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মোঃ
মাজিউর ইসলাম। ম্যাকটিউ বিলাসের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ
আব্দুল রহমান খান সবার সমাপ্তকৃত নাট্যনাট্য অনুষ্ঠান অংশগ্রহণ করেন
কলেজের বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষার্থী ও কর্মসূচীবিধা
অনুষ্ঠান সারাক্ষরিক ও সারাক্ষরিক প্যারী সজিগিটি, ১৭-এ
ওপর নব্বা পাওয়া কৃতি শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয়। মেধার
একদা নীরত ও কেস্ট্র গ্রহণকাল কৃতি শিক্ষার্থীরা আবেগপূর্ণ হয়ে
অনুদা। প্রাণীরাণীরা কেস্ট্র কৃতি শিক্ষার্থী ও এর পাওয়া দেহন



পুষ্ট্যাখ্যারী ব্রহ্মবিধি
পুষ্ট্যাখ্যারী ব্রহ্মবিধি পারিবারিক বিরোধাক কেন্দ্র করতী রীতিমত উপায়ের তত্ত্বার মামলার মামলার মামলার (৪৮) নামে এক আচারমিক যাক্ষবীর সম্র কালারও দিলেহে অদ্বারত। একই মামলার উপর বেগম নামে অন্য এক আচারমিক ১০ বছরের সন্তান করাদও পেয়াহা হয়ে। রোববার (২৭ সেপ্টেম্বর) পুষ্ট্যাখ্যারী সানিয়ার জেলা ও দারার জজ (ম্য. শহিদুল্লাহ) এর যোগাধা করেন। মামলার উপর জানা যায়, ২০১০ সালের ১১ ডিসেম্বর বাফেল শেজওয়ার মামা কেন্দ্রবদল এলাকার ২ নম্বর ঘাটতে আবুল কাশেম হামিলীর বাড়ির সামনে পারিবারিক বিরোধাক কেন্দ্র করতী রীতিমত উপায়ের গুপহ মামলার ঘটনা ঘটে। এসময় হামিলী রাষ্ট্র ও পুষ্প বেগমের দা দিয়ে রাষ্ট্র বেগমকে কুপ্ণের ক্রোধক অহত করেন। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এ ঘটনার পরে নিহত রাষ্ট্র বেগমের খাতি আবুল হোসেন বাষ্ট্র হয়ে বাফেল থানায় মামলা করেন। মামলাটি অন্তত ২০১১ সালে আদালতে অভিযুক্তপত্র দাখিল করে রাষ্ট্র। দীর্ঘ বিচারিক প্রক্রিয়ায় রাষ্ট্রপত্র এজাহারকারী, ডায়নি ও এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় আল-আরাফা ইসলামী ব্যাংকের ৩১ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষ্যে কেক কাটা হয়।
-কীর্তনখোলা

ভাৰিয়া শ্ৰুতিনিধি
পিরোজপুরের
গতকাল রবিবার সকালে
কোরআন বাণী,দোয়া-মিলাদ
এবং বিকালে "শরীয়াহর
সাথে,বিশ্বাসের শীর্ষে",
আল-আরাফা ইসলামী ব্যাংক
পিএলসি ভাৰিয়া শাখার
উদ্যোগে ভাৰিয়া শাখার
১১শহর
পূর্তির মাইল ফলকে সকল
ধারক,টেকনোহোডার
ও
শুভানুধ্যায়ীদের
সাথে এক
মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
সভায় আল-আরাফা ইসলামী
ব্যাংক পিএলসি ভাৰিয়া শাখা
ব্যাংকস্থাপক মো. খালিদ হোসেন
সভাপতিদের
অনুমোদনে ও এর পাঠ্যই দেখেন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
 মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirkonkhola@gmail.com